বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩.০০০.২৮.২০/২২৮৪ তারিখ: ০৮-০৩-২০২০ খ্রিঃ

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এ নিম্নে উল্লিখিত পদসমূহে ক্যাজুয়েল ৮৯ দিন ভিত্তিক (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

ক্র: নং	পদের নাম	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	কার্গো হেলপার/ ট্রাফিক হেলপার	২৬-০৩-২০২০ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	কমপক্ষে এসএসসি পাশ। অবশ্যই নম্র-ভদ্র, কর্মঠ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অধিক ভার উত্তোলনে কমপক্ষে ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০২	ক্লিনার		কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ। Tools/equipment ক্লিনার হিসেবে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে।
০৩	এয়ারক্রাফট ক্লিনিং হেলপার (শুধু পুরুষ)		কমপক্ষে এসএসসি পাশ। এসএসসি পরীক্ষায় ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। শারীরিকভাবে সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।
০৪	এয়ারক্রাফট সুইপার		কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে পেশাগতভাবে দক্ষ হতে হবে।
০৫	পেন্ট্রিম্যান		ক) কমপক্ষে এইচএসসি পাশ। সুঠাম দেহের অধিকারী হতে হবে। খ) উচ্চতা: পুরুষ: ৫ ফিট ৬ ইঞ্চি মহিলা: ৫ ফিট ৩ ইঞ্চি
০৬	ডিস ওয়্যাশার		ক) কমপক্ষে এসএসসি পাশ। সুঠাম দেহের অধিকারী হতে হবে। খ) উচ্চতা: পুরুষ: ৫ ফিট ৬ ইঞ্চি মহিলা: ৫ ফিট ৩ ইঞ্চি
০৭	স্টোর হেলপার		কমপক্ষে এসএসসি পাশ। কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে স্টোর হেলপার/লোডার হিসেবে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৮	হাইজিন হেলপার		কমপক্ষে এসএসসি পাশ। ক্লিনিং কাজে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি ঃ

০১। জাতীয় পরিচয়পত্র এবং এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েব সাইট www.biman-airlines.com এ প্রকাশ করা হবে।

০৩। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদনাম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৪। আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি ঃ-

ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ওয়েব সাইট www.biman-airlines.com এর Careers Page-এর নির্দিষ্ট লিঙ্কে বা http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১২-০৩-২০২০ খ্রিঃ, সকাল ১০:০০টা।

ii. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৬-০৩-২০২০ খ্রিঃ, রাত ১২:০০টা এবং পরীক্ষার ফি জমাদানের শেষ সময় পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০ X ৮০ পিক্সেল এবং ৬০ কেবি'র বেশি নয়) এবং রঙ্গিন ছবি (সর্বোচ্চ ৩০০ X ৩০০ পিক্সেল এবং ১০০ কেবি'র বেশি নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফরম পূরণ করার সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে আবেদন ফি জমা দিতে পারবেন। বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য **২২২/- (দুইশত বাইশ টাকা)**। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঙ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

চ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User_ID & send to 16222.
Example: BBAL Help User ABCDEF & send to 16222

ii. PIN Mumber জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222.
Example: BBAL Help PIN 12345678 & send to 16222

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের সময় নিম্নলিখিত সনদ/দলিল/প্রমাণপত্রের মূল ও সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ (১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি (২) প্রবেশপত্রের রঙ্গিন ফটোকপি (৩) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (৪) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল ও ০১ সেট ফটোকপি (৫) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ।

ব্যবস্থাপক নিয়োগ
মানব সম্পদ উপ-বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৭, ২১৫০, ২১৫৪